
বিনামূল্যে
সমস্ত অন্তর্ভুক্তিকর
বীমা নীতি

# বিনামূল্যে সমস্ত অন্তর্ভুক্তিকর বীমা নীতি

স্বাস্থ্য

গৃহ


অগ্নি

জীবন



## সুসংবাদ বীমা

### স্বাস্থ্য



চিকিৎসার পরিষেবার খরচ আজকের দিনে টলটলায়মান অবস্থায় আছে, যেমন স্বাস্থ্যের বীমার খরচ। আপনি কি কখনও এমন একজন চিকিৎসকের সঙ্গে সাক্ষাৎ করেছেন যিনি দাবি করতে পারেন ‘আপনার সমস্ত অসুখের আরোগ্য করবেন?’

“কিন্তু আমাদেরই ভুল কাজের জন্য তাঁকে আহত হতে হয়েছিল, আমাদের পাপের জন্য সে ক্ষত-বিক্ষতহয়েছিলঃ আমাদের কাঙ্খিত শাস্তি সে পেয়েছিল; তাঁর আঘাতের জন্য আমাদের আঘাত সেরে উঠেছিল।” যিশাইয় 53:5

## গৃহ



গৃহগুলি সমস্ত প্রকারের ক্ষতি, চুরি, অনধিকার প্রবেশের হাত থেকে মা-লিকদের রক্ষা করতে বীমাকৃত করা হয়। জানলা এবং দরজাতে স্টিলের দণ্ড, চোরের জন্য অ্যালার্ম, পারাতে টহলদারির ব্যবস্থা গৃহমালিকদের নিরা-পত্তা অথবা মনের শান্তি দিতে পারে না।

"তোমাদের হৃদয় বিচলিত না হোকঃ ঈশ্বরের উপর বিশ্বাস রাখো, আর আমার প্রতিও আস্থা রাখো। আমার পিতার বারিতে অনেক ঘর আছেঃ যদি না থাকতো, আমি তোমাদের বলতাম। আমি তোমাদের থাকবার এক জায়গা ঠিক করতে যাচ্ছি"
যোহন 14: 1, 2

## অগ্নি

অগ্নি ঘরবাড়ি এবং ধনসম্পত্তি ধ্বংস করে দেয়, যার মধ্যে কিছু কিছু অপূরণীয় হয়। কিন্তু অনন্তকাল সময়ে সবসময়ই এক অগ্নির সম্ভাবনা থাকবেই। আপনার কি অগ্নি থেকে নিজেকে রক্ষা করার কোন একটি বীমা করা আছে?





"যে বিজয়ী হয় সেই এসবের অধিকারী হবে; এবং আমি তার ঈশ্বর হব, আর সে হবে আমার পুত্র।

কিন্তু যারা ভীরু, অবিশ্বাসী ঘৃণ্যলোক, নর-ঘাতক, যৌনপাপে পাপগ্রস্ত, মায়াবী, প্রতি-মাপূজারী, যারা মিথ্যাবাদী, এদের সকলের স্থান হবে সেই আগুন ও জ্বলন্ত গন্ধকের হ্রদেঃ যা হল দ্বিতীয় মৃত্যু"
প্রকাশিত বাক্য 21 : 7,8

## জীবন




অনেকেই জীবনবীমার মূল্য হিসেবে হাজার হাজার ডলার গ্রহণ করেন। কিন্তু কে উপকার পায়? এসবের কি মূল্য আছে যখন আপনি মৃত?

"কারণ ঈশ্বর এই জগতকে এতোই ভালবাসেন যে তিনি তাঁর একমাত্র পুত্রকে দিলেন, যেন সেই পুত্রের উপর যে কেউ বিশ্বাস করে সে বিনষ্ট না হয়, বরং অনন্ত জীবন লাভ করে" যোহন 3:16

# নীতির শর্তাবলী

## 1.অনুভব করুন যে আপনি একজন পাপী

“সকলেই পাপ করেছে এবং ঈশ্বরের মহিমা থেকে বঞ্চিত হয়েছে,” রোমীয় 3:23



“আমরা যদি বলি যে আমাদের কোন পাপ নেই, তাহলে আমরা নিজেদেরকেই ঠকাই এবং তাঁর সত্য আমাদের মধ্যে নেই।”
1 যোহন 1 :8

## 2. অনুভব করুন যে পাপের শাস্তি জাহান্নম

“যারা ঈশ্বরকে ভুলে যায় তারাই মন্দ, তারা পাতালে পতিত হবে।” গীতসংহিতা 9 : 17



## 3. অনুভব করুন যে আপনি আপনার নিজের ক্ষমতা দ্বারা নিজেকে রক্ষা করতে পারছেন না

“আমাদের সমস্ত ভালো কাজগুলি অশুদ্ধ পোশাকের মতন,....”
যিশাইয় 64 : 6



## 4. অনুতপ্ত হন এবং ঈশ্বরকে মান্য করুন

"মানুষের এই অজ্ঞতার সময়কে ঈশ্বর ক্ষমার চোখে দেখেছেন, কিন্তু এখন সব জায়গার সকল মানুষকে তিনি এর জন্য মন ফেরাতে বলেছেন।"
প্রেরিতদের কার্য-বিবরণ 17:30

## 5. পরিত্রাতা হিসেবে যীশু খ্রীষ্টের ওপর বিশ্বাস রাখুন

"কারণ ঈশ্বর এই জগতকে এতোই ভালবাসেন যে তিনি তাঁর একমাত্র পুত্রকে দিলেন, যেন সেই পুত্রের উপর যে কেউ বিশ্বাস করে সে বিনষ্ট না হয়, বরং অনন্ত জীবন লাভ করে" যোহন 3:16

## 6. যীশুর কাছে আপনার পাপের স্বীকার করুন

"আমরা যদি নিজেদের পাপ স্বীকার করি, বিশ্বস্ত ও ধার্মিক ঈশ্বর আমাদের সমস্ত পাপ ক্ষমা করবেন ও সকল অধার্মিকতা হতে আমাদের শুচি করবেন।"
I যোহন 1: 9



## 7. জল এবং পবিত্র আত্মার বাপ্তাইজম গ্রহণ করুন

"আপনারা মন ফিরান, এবং প্রত্যেক পাপের ক্ষমার জন্য যীশু খ্রীষ্টের নামে বাপ্তাইজ হোন, তাহলে আপনারা দানরূপে এই পবিত্র আত্মা পাবেন।"
প্রেরিতদের কার্য-বিবরণ 2 : 38



## ৪. গসপেলের জীবন

"ঈশ্বরের বাক্য অনুসারে কাজ কর, শুনে কিছু না করে বসে থাকলে চলবে না। শুধুমাত্র ঈশ্বরের বাক্যের শ্রোতা হয়ে নিজেকে ঠকিও না-।"যাকোব 1 :22

# চুক্তির শর্তাবলী

এই চুক্তি অনন্তকালের জন্য তৈরি করা হয়েছে। অর্থ বা কোন ভালো কাজই এর পরিশোধ করতে পারে না। আর এই মূল্য যীশু খ্রীষ্ট ক্রুশে বিদ্ধ হয়ে মারা যাওয়ার সময় পরিশোধ করে গেছেন। বীমার কিস্তি, সহ পরিশোধ এবং সহ বীমাকরণ ইতিমধ্যেই যীশু খ্রীষ্টের দ্বারা ক্রুশে বিদ্ধ হয়ে মারা যাওয়ার সময় পরিশোধ করা হয়ে গেছে। নীতিটি তাঁর অনুগ্রহ দ্বারা সবাইকে মুক্তহস্তে বিতরণ করা হয়েছে (ইফিষীয়দের প্রতি পত্র 2:8)। আর এর জন্য যীশু খ্রীষ্টের প্রতি এক গভীর অবিচল নিষ্ঠার প্রয়োজন।
(ইফিষীয়দের প্রতি পত্র 3:17)

